

## বরিশাল বোর্ডকে শিক্ষামন্ত্রীর কঠোর হুঁশিয়ারি ॥ মানববন্ধন

স্টাফ রিপোর্টার, বরিশাল ॥ এবারের এসএসসি পরীক্ষায় বরিশাল শিক্ষাবোর্ড কর্তৃপক্ষের ভুলে হিন্দুধর্মে ফেল খবর প্রকাশ হওয়ার কারণে যে অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটেছে তা তদন্ত করে দেখা হচ্ছে। তদন্তে যেই জড়িত হোক না কেন, তার বিরুদ্ধে যথাযথ আইনে ব্যবস্থা গ্রহণ করা হবে। সোমবার সচিবালয়ে সাংবাদিকদের প্রশ্নের

জবাবে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এসব কথা বলেছেন। বরিশাল শিক্ষা বোর্ডের ভুলে শিক্ষার্থীর আত্মহত্যা সম্পর্কে মন্ত্রী আরও বলেন, এ বিষয়ে এরইমধ্যে তদন্ত কমিটি গঠন করা হয়েছে। এতে দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে। সেখানে শিক্ষাবোর্ড চেয়ারম্যানসহ কর্মকর্তাদের কোন ধরনের অবহেলা বা ত্রুটি থাকলে তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নেয়া হবে বলে তিনি উল্লেখ করেন। গণমাধ্যমে এ সংবাদ বরিশালে ছড়িয়ে পড়ায় নগরবাসীর মধ্যে ব্যাপক তোলাপাড় শুরু হয়েছে। শিক্ষা বোর্ডের বিশ্বস্ত সূত্রে জানা গেছে, মন্ত্রীর কঠোর হুঁশিয়ারির পর ঘটনার সঙ্গে জড়িত কতিপয় কর্মকর্তাদের মধ্যে আতঙ্ক দেখা দিয়েছে।